কানাইঘাট উপজেলা আওয়ামীলীগের বর্ধিত সভা রবিবার

কানাইঘাট প্রতিনিধি: কানাইঘাট উপজেলা শাখা আওয়ামীলীগের এক বর্ধিত সভা রবিবার ২৬ সেপ্টেম্বর বিকাল ৩ টায় কানাইঘাট উত্তর বাজারস্থ দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত হবে। উপজেলা আওয়ামীলীগ ও ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক কার্যক্রম আরো শক্তিশালী ও সংগঠনকে গতিশীল করার লক্ষে এ বর্ধিত সভা অনুষ্ঠিত হবে বলে দলীয় সূত্রে জানা গেছে। পাশাপাশি সংগঠনকে ঢেলে সাজানোর লক্ষে বর্ধিত সভায় দলের অভ্যন্তরীন নানা বিষয়ে আলোচনা করা হবে বলে জানা গেছে। বর্ধিত সভা শেষে উপজেলা আওয়ামীলীগের কার্যনিবার্হী কমিটির সভা দলের কার্যালয়ে অনুষ্ঠিত হবে। সভায় যথা সময়ে সবাইকে উপস্থিত থাকার জন্য উপজেলা আওয়ামীলীগের সভাপতি পৌর মেয়র লুৎফুর রহমান ও সাধারণ সম্পাদক অধ্যক্ষ সিরাজুল ইসলাম আহব্বান জানিয়েছেন। বর্ধিত ও কার্যনিবাহী কমিটির সভায় সিলেট জেলা আওয়ামীলীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক মস্তাক আহমদ পলাশ, যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক এমাদ উদ্দিন মানিক, সদস্য এডভোকেট ফখরুল ইসলাম সহ দায়িত্ব প্রাপ্ত নেতৃবৃন্দ উপস্থিত থাকবেন বলে জানাগেছে।